



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-২৫/০৯/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

মাদক ব্যবসায়ীর ছুরিকাঘাতে গুরুতর আহত রংপুর মেট্রোপলিটন পুলিশের হারাগাছ থানার এএসআই এর চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু



গত ২৪/০৯/২০২১ খ্রিঃ রাত ২৩:৫০ ঘটিকায় হারাগাছ থানা এলাকায় মাদকসেবী ও মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে বিশেষ অভিযান চলাকালে উক্ত থানাধীন বাহার কাছনা তেলিপাড়া আহলে হাদিস জামে মসজিদ এর পিছনে রাস্তার উপর সিগারেট কোম্পানী মোড়ে এএসআই পিয়ারুল (হারাগাছ থানায় কর্মরত) একজন মাদক ব্যবসায়ীকে মাদকসহ আটক করলে মাদক ব্যবসায়ী তার হাতে থাকা ছুরি দিয়ে তার বাঁ পাজরে আঘাত করলে তিনি গুরুতর আহত হন এবং তাৎক্ষণিক তাকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা হয়। অদ্য ২৫/০৯/২০২১ খ্রিঃ বেলা ১১ঃ১৭ মিনিটে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মূল আসামীকে তাৎক্ষণিক গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত আসামীর নাম- মোঃ পারভেজ রহমান (২৬), পিতা- মোঃ জাহিদুল ইসলাম, মাতা- পারভিন, সাং- বাহার কাছনা, থানা-হারাগাছ। গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে হারাগাছ থানায় আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন।

উল্লেখ্য যে, মৃত্যু বরণকারী এএসআই (নিঃ) মোঃ পিয়ারুল ইসলাম এর গ্রামের বাড়ি কুড়িগ্রাম জেলার রাজারহাট থানায় অবস্থিত। তিনি গত ১৫/০১/২০১১ খ্রি. বাংলাদেশ পুলিশ বাহিনীতে কনস্টেবল পদে এবং ০৬/১০/২০১৮ খ্রি. রংপুর মেট্রোপলিটন পুলিশে এএসআই পদে পদোন্নতি সূত্রে যোগদান করেন। রংপুর মেট্রোপলিটন পুলিশে যোগদানের পর তিনি সাফল্যের সাথে মাহিগঞ্জ থানা, গোয়েন্দা বিভাগ (ডিবি) এবং সর্বশেষ হারাগাছ থানায় কর্মরত ছিলেন।

২৫.০৯.২০২১

(মোঃ সাজ্জাদ হোসেন)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১